চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

এমইএস স্কুলের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনে মেয়র

প্রত্যেক মা-বাবার প্রত্যাশা তাঁর সন্তান যেন দেশের সুনাগরিক হয়

চট্টগ্রাম- ৬ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন মা-বাবা স্বপ্ন বাস্তবায়নই একজন শিক্ষার্থীর উদ্দেশ্য হওয়া উচিত। প্রত্যেক অভিভাবকই চান তাঁর সন্তান শিক্ষা-দীক্ষায় দেশের একজন সুনাগরিক হিসেবে গড়ে উঠুক। মূল্যবোধ সম্মন্ন উন্নত নৈতিক চরিত্রের অধিকারী হয়। আর তাদের সে প্রত্যাশা পূরণে সরকার দেশের শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। তিনি আজ শনিবার দুপুরে নগরীর আন্দরকিল্লাস্থ মুসলিম এডুকেশন সোসাইটি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বিদ্যালয়ের ৬ তলা বিশিষ্ট নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন চট্টগ্রাম সংসদীয় আসন-৯ এর সংসদ সদস্য জিয়াউদ্দীন আহমেদ বাবলু। ৬ তলা বিশিষ্ট অত্যাধুনিক এই নতুন স্কুল ভবনটি নির্মাণে অর্থায়ন করবে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। ৪ কোটি টাকা ব্যয়ে এই ভবনে কম্পিউটার ল্যাব, লাইব্রেরী, মাল্টিমিডিয়া ক্লাস রুম, মিটিং রুম, টিচার্স রুম, টিচার্স কমন রুম, ষ্টোর রুম, এ্যাডমিশন ও একাউন্ট সেকশন ও অত্যাধুনিক লিফটের ব্যবস্থা রাখা হবে। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি এ আর এম শামীম উদ্দিনের সভাপতিত্বে সভায় অনুষ্ঠানের উদ্বোধকের বক্তব্য রাখেন জাতীয় সংসদ সদস্য জিয়াউদ্দীন আহমেদ বাবলু। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজনৈতিক সোলায়মান আলম শেঠ, কাউন্সিলর জহর লাল হাজারী, মো. গিয়াস উদ্দিন, সলিমুল্লাহ বাচ্চু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জালাল উদ্দিন, স্কুল পরিচালনা পর্ষদের সহ-সভাপতি শেখ মুজিবুর রহমান ও রাজনৈতিক গোলাম মোস্তফা কাঞ্চন প্রমুখ।

উদ্বোধকের বক্তব্যে জিয়াউদ্দীন আহমেদ বাবলু মুসলিম এডুকেশন সোসাইটি উচ্চ বিদ্যালয়ের উন্নয়নে অনুদান হিসেবে নগদ ১ লক্ষ টাকা ও লোডশেডিং কালীন শিক্ষক-শিক্ষার্থীদের কষ্ট লাঘবে দুটি সোলার প্যানেল প্রদানের ঘোষনা দেন। তিনি বলেন বর্তমান সরকার দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে আন্তরিক। যে কারণে এই সরকারের আমলে আমি নগরীর ৩৬টি বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ করেছি। এমপি জিয়াউদ্দীন আহমেদ বাবলু বলেন কোন শিশু শিক্ষা থেকে বঞ্চিত না হউক। আমার প্রত্যাশা শিশুদের জন্য শিখার ভাল পরিবেশ নিশ্চিত করা। তিনি বলেন শিক্ষার বিষয়ে কোন রাজনীতি নাই। আমরা প্রতিশ্রুতি নয়, কাজে বিশ্বাস করি। তাই আগামী দিনের সুন্দর সমাজ বিনির্মানে শিক্ষায় সর্বোচ্চ বিনিয়োগ করা হচ্ছে।

পরে মেয়র আ জ ম নাছির উদ্দীন ও সংসদ সদস্য জিয়াউদ্দীন আহমেদ বাবলু স্কুল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের ফলক উন্মোচন করেন। এই সময় দেশ ও জাতির সমৃদ্ধি কামনা করে বিশেষ মুনাজাত করা হয়। মুনাজাত পরিচালনা করেন স্কুলের শিক্ষক মাওলানা নজরুল ইসলাম।

প্রেস বিজ্ঞপ্তি

নাছিরাবাদ হাউজিং সোসাইটি এলাকায় এলইডি বাতির উদ্বোধন করলেন মেয়র

চট্টগ্রাম- ৬ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন পুরো নগরীর প্রধান সড়ক অলি-গলিস্থ সকল সড়ককে শতভাগ আলোকায়নে উদ্যোগ নিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ লক্ষ্যে ৬৪০ কেটি টাকার একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ভারত সরকারের আর্থিক সহযোগিতায় এ প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। এ প্রকল্পের আওতায় ১৩৫টি এলইডি লাইট স্থাপন করা হয়েছে। এতে নাসিরাবাদ হাউজিং সোসাইটি পুরো এলাকায়ই আলোকিত হয়েছে। এই কাজ করতে চসিকের ৭২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। তিনি আজ শনিবার সন্ধ্যায় নাসিরাবাদ হাউজিং সোসাইটির ১নং সড়ক হতে ৬নং সড়ক এবং সোসাইটি পার্কে এলইডি লাইট বাতির উদ্বোধন উপলক্ষ্যে এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। নাছিরাবাদ হাউজিং সোসাইটির সহ-সভাপতি আলহাজ্ব মোহাম্মদ ইদ্রিছ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সামসুদ্দোহা ,নিবার্হী প্রকৌশলী ঝুলন দাশ এবং সোসাইটির সাধারন সম্পাদক মোহাম্মদ শাহজাহান, সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ ইসহাক ও সাবেক কোষাধ্যক্ষ মমতাজুল হক রুকু বক্তব্য রাখেন । এই সময় নাছিরাবাদ হাউজিং সোসাইটির কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন বর্তমানে প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের সভায় চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ইতোপূর্বে এলইডি আলোকায়ন নিশ্চিত করার লক্ষ্যে নগরীর এয়ারপোর্ট রোড, কামাল আতাতুক রোড, মেহেদীবাগ রোড, চট্টেশ্বরী রোড, বায়েজিদ বোস্তামী রোড, হাটহাজারী রোড, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, জেল রোড, জামালখান রোডসহ কয়েকটি সড়ক এলাকাকে এলইডি আলোকায়নের আওতায় নিয়ে আসা হয়েছে। অবশিষ্ঠ এলকায়ও এলইডি দ্বারা আলোকায়ন নিশ্চিত করা হবে বলে তিনি সভায় উল্লেখ করেন। এই প্রসঙ্গে মেয়র আরো বলেন এলইডি বাতি বিদ্যুৎ সাশ্রয়ী, এলইডি বাতির মেয়াদও বেশি এবং এর রক্ষণাবেক্ষন ব্যয় কম। তিনি আগামী ২ বছরের মধ্যে নগরীর ৪১টি ওয়ার্ডকে ৬৩ হাজার এলইডি বাতি দ্বারা আলোকায়ন করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। মেয়র হাউজিং সোসাইটির গৃহিত প্রকল্পের কথা উল্লেখ করে বলেন দ্রুত সময়ের মধ্যে সোসাইটির পার্কের সুন্দর্যকরণসহ সকল সমস্যা নিরসন করা হবে। পরে মেয়র সুইচ অন করে এলইডি বাতির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

একুশে বই মেলা ২০১৯ আয়োজনে সুধিজনদের সাথে চসিক মেয়রের মতবিনিময় সভা কাল

চট্টগ্রাম- ৬ অক্টোবর ২০১৮

আগামীকাল ৭ অক্টোবর রবিবার বিকাল ৩ টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর ভবনস্থ ৩য় তলায় সম্মেলন কক্ষে চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদ ও সুধীজনদের সাথে ২০১৯ সালে চসিক কর্তৃক আয়োজিত একুশে বই মেলার মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সভায় উপস্থিত থাকবেন। এতে সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন